

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৬

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১৯. যে ব্যক্তি ফাতওয়া প্রদানে ভয় পান এবং অধিক বাড়াবাড়ি করা ও বিদ'আত বা নতুন মত প্রবর্তন করাকে অপছন্দ করেন

بَابُ مَنْ هَابَ الْفُتْيَا وَكَرِهَ التَّنَطُّعَ وَالتَّبَدُّعَ

আরবী

حَدَّثَنَا بِشِّرُ بْنُ الْحَكَمِ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ، عَنْ عَمْرِو بْنِ مَيْمُونٍ، عَنْ أَبِيهِ، عَنِ الْبُنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا، _ سَأَلْتُهُ عَنْ رَجُلٍ أَدْرَكَهُ رَمَضَانَانِ _ فَقَالَ: أَكَانَ أَوْ لَمْ يَكُنْ؟ قَالَ: لَمْ يَكُنْ بَعْدُ، قَالَ: «اتْرُكْ بَلِيَّتَهُ حَتَّى تَنْزِلَ»، قَالَ: فَدَلَّسْنَا لَهُ رَجُلًا، فَقَالَ: قَدْ كَانَ، فَقَالَ: يُطْعِمُ عَنِ الْأَوَّلِ مِنْهُمَا ثَلَاثِينَ مِسْكِينًا، لِكُلِّ يَوْمٍ مِسْكِينٌ

إسناده صحيح

বাংলা

১৫৬. আমর ইবনু মাইমুনের পিতা ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণনা করেন, তিনি বলেন, আমি তাকে এমন ব্যক্তি সম্পর্কে জিজ্ঞাসা করলাম যে ব্যক্তি দুই রমাযান মাসই পায় (অর্থাৎ লাগাতার দুই রমাযান রোযা রাখেনি অথবা এক রমযানের রোযা কাযা অবস্থায় আরেক রমযান এসে যায়)। তিনি তখন বললেন, এটা কি সংঘটিত হয়েছে, নাকি হবে? তিনি (বর্ণনাকারী) বলেন, এটি এখনও ঘটেনি। তিনি বলেন, কোন বিপদ বা পরীক্ষা আপতিত হওয়ার আগ পর্যন্ত (সে সম্পর্কে প্রশ্ন করা) পরিহার করবে। (মাইমুন বলেন) আমরা মিছামিছি এক ব্যক্তিকে সাজিয়ে তার নিকট নিয়ে এলাম। সে এসে বলল, তা ঘটেছে। তখন তার জবাবে তিনি বললেন: দু' রমযানের প্রথম রমযান মাসের কাফফারা হিসাবে ত্রিশজন মিসকিনকে খাদ্য খাওয়াবে। অর্থাৎ প্রতিদিনের জন্য একজন করে মিসকীনকে খাওয়াবে।'[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।



তাখরীজ: বাইহাকী, সিয়াম ৪/২৫৩; আব্দুর রাযযাক, আল মুছান্নাফ ৪/২৩৬ নং ৭৬২৮। এর শাহিদ রয়েছে আবৃ হুরাইরা রা: হতে সহীহ সনদে, দেখুন, সুনানে দারুকুতনী ২/১৯৬ ও পরবর্তীগুলি; নববী, আল মাজমু' ৬/৩৬৩-৩৬৪; আলমুগনী ৩/৮৩-৮৪ এবং মা'রিফাতুস সুনান ওয়াল আছার ৬/৩০৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন